

মার্কেটিং বিভাগের এমবিএ (ইভিনিং) প্রোগ্রাম-এর বিদায় ও নবীনবরণ অনুষ্ঠিত



৯ নভেম্বর-২০১৯, শনিবার, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে এমবিএ (ইভিনিং) প্রোগ্রাম-এর ১১, ১২, ও ১৩তম ব্যাচের বিদায় এবং ১৭ ও ১৮তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক এবং এমবিএ (ইভিনিং) প্রোগ্রামের ডিরেক্টর ড. মোহাম্মদ আব্দুল্লাহ মাহফুজ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ACI limited Consumer Brands এর Managing Director মি. সৈয়দ আলমগীর এবং মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী।

এছাড়াও স্বাগত বক্তব্য প্রদান করেন মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন। এসময় উপস্থিত ছিলেন বিভাগীয় শিক্ষক ও শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ।